# এসএসসি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ২ |

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** সমুদ্রের বয়স ২৬ বছর। কিছুদিন আগে ধর্মীয় সকল বিধি-বিধান মেনে সীমার সাথে তার বিয়ে হয়। নববধূ সীমাকে নিয়ে সুখে-শান্তিতে বাস করছে সমুদ্র। তাছাড়া পারিবারিক সমস্ত কর্মের মধ্য দিয়ে সে সমাজের প্রতি তার সকল কর্তব্যও সম্পাদন করে।

ক. কলি যুগের অন্তে কে আবির্ভূত হবেন? ১

খ. চতুরাশ্রম বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. সমুদ্রের এ কাজটি কোন আশ্রমের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত আশ্রম সমাপ্ত হলে যেকোনো কেউ সংযমী ও ত্যাগী হিসেবে জীবনযাপন করতে পারে— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**২.▶** চৈত্রমাসে বনানী তার মা-বাবার সাথে লাঙ্গলবন্দ স্নানযাত্রায় গিয়েছিল। সেখানে গিয়ে সে মা-বাবার সাথে স্নান সম্পন্ন করে। স্নান শেষে হাজার মানুষের ভিড়ে লাঙ্গলবন্দ স্নান সম্পর্কে তার কৌতূহল জাগে এবং সে লাঙ্গলবন্দ স্নানের উৎপত্তি, বিকাশ ও মহাপুরুষের অবদান সম্পর্কে জ্ঞান লাভ করে।

ক. বাংলা মাসের শেষ দিনকে কী বলা হয়? ১

খ. ধর্মাচার বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. বনানীর তীর্থ দর্শনের সাথে তোমার পাঠ্যপুস্তকের যে তীর্থস্থানের সাদৃশ্য রয়েছে? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. তীর্থ ভ্রমণে মানুষের জীবনে যে প্রভাব প্রতিফলিত হয় তা বিশ্লেষণ কর। ৪

TeachingBD24.com
https://teachingbd24.com

৩.▶ মায়ের ফোনে বাবার মৃত্যু সংবাদ শুনে দিলীপ ছুটে যায় বাড়িতে। বাবার মৃতদেহের পাশে বসে কাঁদতে থাকে। এমন সময় পাশের বাড়ির রাজ এসে বললেন, এখন কাঁদবার সময় নয়। তোমার বাবার মৃতদেহকে বস্ত্রাবৃত মালা চন্দনাদি দ্বারা বিভূষিত করে শ্মশানে নিতে হবে।

ক. স্মৃতিশাস্ত্রে কোন সংস্কারের কথা উল্লেখ আছে? ১

খ. হিন্দুশাস্ত্রে কোন সংস্কারটি সর্বশ্রেষ্ঠ এবং কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে দিলীপ কীভাবে তার বাবার অন্ত্যেষ্টিক্রিয়া সম্পাদন করেছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. ধর্মীয় ও সামাজিক দৃষ্টিকোণ থেকে দিলীপের কাজটির তাৎপর্য মূল্যায়ন কর। ৪

৪.▶ অলকাদের বাড়ি ধামরাইয়ে। প্রতিবছর আষাঢ় মাসের শুক্লা দ্বিতীয়া তিথিতে তাদের এখানে একটি বিশেষ ধর্মানুষ্ঠান অত্যন্ত ধুমধামের সাথে পালিত হয়। এ উৎসবকে কেন্দ্র করে তাদের বাড়ির চারপাশে অনেক নিরাপত্তাকর্মীর সমাগম ঘটে। নয়দিনব্যাপী এ এলাকায় উক্ত উৎসবকে ঘিরে মেলার আয়োজন করা হয়।

ক. পুণ্যস্থান কাকে বলে? ১

খ. দীপাবলি উৎসব পালন করা হয় কীভাবে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন ধর্মানুষ্ঠানের প্রতি ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উক্ত ধর্মানুষ্ঠানের তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৫.▶ হিন্দুধর্ম ক্লাসে শিক্ষক কতিপয় বিষয় সম্পর্কে ধারণা দিলেন। বিষয়গুলো ছিল:

| | | | | |
|---|---|---|---|---|
| সংক্রান্তি | নবান্ন | দীপাবলি | হাতেখড়ি | ভ্রাতৃদ্বিতীয়া |

ক. নবান্নে কার পূজা করা হয়? ১

খ. রাখীবন্ধন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. ছকে উল্লিখিত হাতেখড়ি ধর্মাচারটি ব্যাখ্যা কর। ৩

ঘ. ভ্রাতৃদ্বিতীয়া অনুষ্ঠানের মাধ্যমে ভাই-বোনের সম্পর্ক সুদৃঢ় হয়— কথাটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৬.▶ আদিত্য ধর্মপ্রাণ মানুষ। তিনি একটি ধর্মীয় অনুষ্ঠানে উপস্থিত হয়ে জানতে পারেন, একমাত্র নিষ্কাম কর্মের মাধ্যমে মোক্ষলাভ সম্ভব। তিনি মনে করেন, মানবজীবনের একমাত্র লক্ষ্য হচ্ছে মোক্ষলাভ।

ক. প্রাণায়াম কাকে বলে? ১

খ. হিন্দুধর্মের উৎপত্তি কীভাবে হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. আদিত্য নিষ্কাম কর্ম বেছে নিলেন কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'নিষ্কাম কর্মের মাধ্যমেই মোক্ষলাভ সম্ভব'— উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ বাস চাপায় মধু তার মা-বাবাকে হারিয়ে দিশে হারা হয়ে পড়ে। তার পক্ষে স্বাভাবিক জীবনযাপন করা অসম্ভব হয়ে পড়ে। আর তখনই দুর্গাপূজায় পাড়া-প্রতিবেশী ও বন্ধুবান্ধবদের আন্তরিকতায় সে আবার নতুন জীনব ফিরে পায়। মা দুর্গাই তাকে বেঁচে থাকার শক্তি যোগায়।

ক. লৌকিক দেবতা কাকে বলে? ১

খ. রক্ষাকর্তা হিসেবে কোন দেবতার পূজা করা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মধুর নতুন জীবন ফিরিয়ে আনতে দুর্গা পূজার পদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ. মধুর জীবনালোকে দুর্গাপূজার আর্থ-সামাজিক ও পারিবারিক প্রভাব বিশ্লেষণ কর। ৪

৮.▶ নয়ন প্রত্যহ সকালে ঘুম থেকে ওঠে শরীর ও মন সুস্থ রাখার জন্য বৃক্ষের ন্যায় একটি আসন অনুশীলন করে। প্রত্যহ সকালে তার এ রকম অনুশীলনে শরীরে এর স্পষ্ট প্রভাব ফুটে উঠেছে। এর ফলে নয়নের চেহারা পূর্বের তুলনায় আরও সুন্দর ও সুগঠিত হয়ে উঠেছে।

ক. স্বাধ্যায় কী? ১

খ. অর্ধকূর্মাসনের উপকারিতা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের উক্ত আসনটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উক্ত আসনটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

৯.▶ নিবিড় হচ্ছে প্রকৃতি প্রেমিক। প্রথাগত শিক্ষা না থাকলেও সে হচ্ছে স্বশিক্ষিত এবং কালীর সাধক। বিভিন্ন জায়গায় কালীর বিগ্রহ দেখে পাগল হয়ে যায়। আবার দরিদ্রদের সাহায্য করতে পিছু হাঁটেনি। কারণ তাতে ঈশ্বর সন্তুষ্ট হন।

ক. প্রভু নিত্যানন্দের পিতার নাম কী? ১

খ. সুশ্রুতকে কেন ভারতীয় শল্যবিদ্যার জনক বলা হয়? ২

গ. উদ্দীপকে নিবিড়ের চারিত্রিক বৈশিষ্ট্যের সাথে কোন মহাপুরুষের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উক্ত ব্যক্তির জীবনী থেকে কী শিক্ষা পাই? বিশ্লেষণ কর। ৪

১০.▶ রাম কৃষ্ণভক্ত এবং অল্প বয়সেই সন্ন্যাস গ্রহণ করেন। একদিন স্বপ্নে শ্রীকৃষ্ণকে দেখলেন, যিনি বললেন গৌড় দেশে গিয়ে গৌর এর সাথে মিলে ধর্ম প্রচার করতে। দুজনে মিলে ধর্মপ্রচার করতে থাকে এবং দলে দলে লোক তাদের অনুসারী হয়।

ক. বৃন্দাবনে কুবেরের সাথে কার সাক্ষাৎ হয়? ১

খ. জগাই-মাধাই কেমন প্রকৃতির ছিল? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে রামের সাথে কোন মহাপুরুষের সাদৃশ্য পাওয়া যায়? ব্যাখ্যা কর।৩

ঘ. দলে দলে লোক তাদের অনুসারী হয়েছিল— তুমি কি এই বক্তব্যের সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ মিহির অত্যন্ত মেধাবী। সে কেবল ঈশ্বর সম্পর্কে চিন্তা করেন এবং গৃহত্যাগ করে ভারতবর্ষ ঘুরে বেড়ান। হিন্দুধর্মকে সারা পৃথিবীর বুকে নতুনভাবে চিনিয়ে দিলেন। ভারতের মানুষের দুরাবস্থা নিজের চোখে দেখলেন। তিনি বুঝতে পেরেছিলেন মানুষের জীবনীশক্তির উৎস ধর্ম। ধর্ম হচ্ছে দেবতাজ্ঞানে মানবসেবা। এই মন্ত্রেই ভারতবাসীকে জাগিয়ে তুলতে হবে।

ক. কোথায় বেদান্ত সমিতি স্থাপন করা হয়? ১

খ. 'যত মত তত পথ'— বাণীটি বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে যে মহামানবের কথা বলা হয়েছে তিনি কীভাবে ভারতবাসীকে জাগিয়ে তুলেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সকল ধর্মের লক্ষ্য ঈশ্বর লাভ— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

# হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড : | ১ | ১ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **পরমেশ্বরের গুণাবতার কারা?**
ক ব্রহ্মা, বিষ্ণু, কৃষ্ণ
খ ব্রহ্মা, বিষ্ণু, কার্ত্তিক
গ কার্ত্তিক, গণেশ, শিব
ঘ ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর

২. **যোগসাধনার একটি কর্ম হলো প্রণিধান। উক্তিটিতে কোন বিষয়টি ফুটে উঠেছে?**
ক ধর্মশাস্ত্র পালন খ ব্রহ্মচর্য পালন
গ ঈশ্বরের চিন্তা ঘ ব্রত উদ্‌যাপন

৩. **উপমহাদেশে বহিরাগত সম্প্রদায় কারা?**
ক দ্রাবিড় খ আফগান
গ আর্য ঘ পাঠান

৪. **মুক্তিলাভের জন্য প্রয়োজন আত্মোপলব্ধি। এর যথার্থ কারণ হলো-**
i. চিত্তের প্রশান্তি
ii. যোগসাধনা
iii. মন শুদ্ধ ও শান্ত করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. **কত সালে আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘ প্রতিষ্ঠা করা হয়?**
ক ১৯৬০ খ ১৯৬৬
গ ১৯৭০ ঘ ১৯৭৬

৬. **কে মহানাম সম্প্রদায় প্রতিষ্ঠা করেন?**
ক ড. মহানামব্রত খ মহেন্দ্রজী
গ চৈতন্য মহাপ্রভু ঘ জগৎবন্ধু

৭. **রামকৃষ্ণ ভাবান্দোলন বা বেদান্তান্দোলনের পরিচালনা করেছেন— উক্তিটিতে বোঝানো হয়েছে—**
i. বিবাদ নয়, সহায়তা
ii. পারস্পরিক মিলন
iii. মতবিরোধ নয়, সমন্বয় ও শান্তি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. **রথে কতজন দেবতা অধিষ্ঠিত থাকেন?**
ক ২ খ ১
গ ৩ ঘ ৫

৯. **সাধক পুরুষ অদ্বৈত প্রভুর মা লাভাদেবীর কোন ধরনের ইচ্ছা হয়?**
ক গঙ্গাস্নানের খ তীর্থস্থান ভ্রমণের
গ পূজা করার ঘ সন্ন্যাসী উৎসবের

১০. **দোলযাত্রা মূলত—**
ক জৈনদের অনুষ্ঠান খ শৈবীয় অনুষ্ঠান
গ বৈষ্ণবীয় ঘ র‍্যালি উৎসব

১১. **যে উপলক্ষ্যে পাহাড়ি অঞ্চলের অধিবাসীরা ধর্মীয় সামাজিক উৎসব 'বৈসাবি' পালন করে—**
i. রথযাত্রা উপলক্ষ্যে
ii. বর্ষবরণ উপলক্ষ্যে
iii. চৈত্র সংক্রান্তি উপলক্ষ্যে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. **বাঙালির বর্ষবরণ অনুষ্ঠানের মধ্য দিয়ে কোনটি পরিলক্ষিত হয়?**
ক সাম্প্রদায়িকতা
খ সময়ের প্রতি সচেতনতা
গ অসাম্প্রদায়িক চেতনা
ঘ জাতিগত চেতনা

১৩. **প্রসিদ্ধ উপনিষদ কতটি?**
ক ১০ খ ৬
গ ১২ ঘ ৮

১৪. **কীভাবে দস্যু রত্নাকর ঋষিতে পরিণত হন?**
ক পাপ কাজ করে
খ ব্রহ্মার উপদেশ গ্রহণ করে
গ নৈতিক জ্ঞান লাভ করে
ঘ স্ত্রীর উপদেশ শুনে

Teachingbd24.com
https://teachingbd24.com

১৫. রামের চরিত্রের বৈশিষ্ট্য হিসেবে কোনটি যৌক্তিক?
ক) সাহসিকতা  খ) দৃঢ়চিত্ততা
গ) মাতৃভক্তি  ঘ) অনুরাগ

১৬. ব্রহ্মবিদ্যা কোন ধরনের বিদ্যা?
ক) গুহ্যতম বিদ্যা
খ) পৌরাণিক বিদ্যা
গ) জ্যোতিষ বিদ্যা
ঘ) সংস্কৃত বিদ্যা

১৭. সুবর্ণবেদী ও বাল্মিকী মুনি রচিত কাব্য পাঠ করেন। এ কাব্যের সাথে সাদৃশ্য রয়েছে—
ক) রামায়ণের  খ) গীতার
গ) মহাভারতের  ঘ) বেদের

১৮. সর্ব সুবর্ণময় বস্তু জানা যায়—
i. মৃত্তিকা জানার মাধ্যমে
ii. সুবর্ণ পিণ্ডকে জানার মাধ্যমে
iii. উপনিষদ জানার মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক) i  খ) ii
গ) iii  ঘ) i, ii ও iii

১৯. রাম তরণীসেনকে লক্ষ করে কোন অস্ত্র নিক্ষেপ করেছিলেন?
ক) ত্রিশূল  খ) বৈষ্ণব অস্ত্র
গ) অমিত বাণ  ঘ) বজ্রবাণ

২০. ভীরু লোকজন কল্যাণকর কাজ করতে পারে না কেন?
ক) সাহস না থাকায়
খ) সততা না থাকায়
গ) সৎসাহস না থাকায়
ঘ) শারীরিক দুর্বলতার কারণে

২১. মানুষকে মানুষ হিসেবে চিহ্নিত করার বিশেষ গুণটি কী?
ক) শক্তি  খ) মানবতা
গ) সৎসাহস  ঘ) বুদ্ধি

২২. শ্রীকৃষ্ণের চরণকে একমাত্র সম্পদ বলে জ্ঞান করতেন কে?
ক) রাজা রন্তিবর্মা  খ) রাজা অজয়
গ) রাজা বিজয়  ঘ) রাজা প্রতাপ সিংহ

২৩. মাদকাসক্ত অবস্থায় কী লোপ পায়?
ক) জ্ঞান  খ) যোগান
গ) বিবেক  ঘ) দ্বিধা

২৪. হরিচরণ বন্দ্যোপাধ্যায় প্রণামকে কয়টি ভাগে বিভক্ত করেন?
ক) ২  খ) ৩
গ) ৪  ঘ) ৫

২৫. মোক্ষলাভ করলে কোনটি লাভ করা যায়?
ক) ব্রহ্মলগ্ন  খ) কল্যাণ
গ) অহিংসা  ঘ) পরমাত্মা

২৬. কোন দুটি ধার্মিকের প্রধান নৈতিক গুণ?
ক) দান ও ক্ষমা  খ) দান ও দয়া
গ) দয়া ও ক্ষমা  ঘ) বিদ্যা ও দান

২৭. হৃৎপিণ্ড কতটি পথে শরীরের সাথে যুক্ত?
ক) ১৩  খ) ১৫
গ) ১২  ঘ) ১১

২৮. মীরাবাঈ ভারতের কোন রাজ্যে জন্মগ্রহণ করেন?
ক) পশ্চিমবঙ্গ  খ) বিহার
গ) রাজস্থান  ঘ) মহারাষ্ট্র

**নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:**

হরিলাল বলেন, শঙ্করাচার্য ভারতবর্ষে অদ্বৈতবাদ প্রচার করেন। কিন্তু ভারতীয় সাধকরা তাকে একেশ্বরবাদ প্রচার করার কথা বলেন।

২৯. অনুচ্ছেদে ভারতীয় সাধক দ্বারা কোনটি বুঝানো হয়েছে?
ক) মহাদেবীকে  খ) বিজয়কৃষ্ণকে
গ) বিবেকানন্দকে  ঘ) রামকৃষ্ণকে

৩০. অদ্বৈতবাদ শব্দটি দ্বারা কী প্রকাশ করা হয়েছে?
ক) জীব ও ব্রহ্ম এক নয়
খ) জীব ও ব্রহ্ম একই
গ) ঈশ্বর সর্বত্র বিরাজমান
ঘ) ঈশ্বর সদানন্দ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | খ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | গ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | খ |

https://teachingbd24.com